

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৬

পর্ব-৩: পাক-পবিত্রতা (১৯৯৮)

পরিচ্ছেদঃ ১২. তৃতীয় অনুচ্ছেদ - হায়য-এর বর্ণনা

### আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: كُنْتُ إِذَا حِضْتُ نَزَلْتُ عَن الْمِثَالِ على الْحَصِيرِ فَلم نقرب رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَمْ ندن مِنْهُ حَتَّى نطهر. رَوَاهُ أَبُو دَاؤد

#### বাংলা

৫৫৬-[১২] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যখন আমি ঋতুবতী হতাম, বিছানা হতে সরে চাটাইতে নেমে আসতাম। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে আসতেন না এবং আমরাও (বিবিগণও) পাক-পবিত্র না হওয়া পর্যন্ত তাঁর কাছে যেতাম না (মেলামেশা করতাম না)। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] মুনকার : আবূ দাউদ ২৭১।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীস পূর্বের সকল হাদীসের বিপরীত। সম্ভবত হাদীসটি রহিত হয়ে গেছে। অথবা হাদীসে বলা হয়েছে যে, 'আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে যেতাম না'-এর অর্থ মিলনে লিপ্ত হতাম না। যেমন আল্লাহ তা'আলা আল কুরআনে বলেনঃ "তোমরা (হায়য অবস্থায়) তাদের (স্ত্রীদের) কাছে যেয়ো না যতক্ষণ না পবিত্র হয়।" (সূরাহ্ আল বাক্বারাহ্ ২ : ২২২)

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন